

৩৯তম বিশেষ বিসিএস পরীক্ষা



# এবার নেওয়া হবে ৪৭৯২ ডাজার

০৯তম বিসিএস পরীক্ষার বিজ্ঞপ্তি দিয়েছে পিএসসি। এবার স্পেশাল, নেওয়া হবে শুধু চিকিৎসক। সহকারী সার্জন পদে চার হাজার ৫৪২ ও সহকারী ডেন্টাল সার্জন পদে নিয়োগ পাবেন ২৫০ জন। পরীক্ষার প্রস্তুতি নিয়ে তিন কিন্তির ধারাবাহিকের প্রথম পর্বে সাধারণ বিষয়াবলি। লিখেছেন আরাফাত শাহরিয়ার

চিকিৎসকদের জন্য দারুণ সুখবর। তাঁদের জন্যই নেওয়া হবে ৩৯তম বিসিএস পরীক্ষা। সহকারী সার্জন পদে এমবিবিএস বা সমমানের ডিগ্রি থাকতে হবে। সহকারী ডেন্টাল সার্জন পদে থাকতে হবে বিডিএস অথবা সমমানের ডিগ্রি। তবে সাময়িকভাবে আবেদন করতে পারবেন পরীক্ষায় অবতীর্ণরাও। বিসিএস ক্যাডার হওয়ার স্বপ্ন যাঁদের, প্রস্তুতি শুরু করে দিন এখন থেকেই। স্পেশাল বিসিএসের সুবিধা হলো, সাধারণ বিসিএসের মতো অনেক নম্বরের পরীক্ষার বালাই নেই! শুধু দিতে হবে ২০০ নম্বরের লিখিত আর ১০০ নম্বরের ভাইভা। লিখিত পরীক্ষা হবে এমসিকিউ টাইপের। তাই ঝক্কি-ঝামেলাও কম।

#### আবেদন অনলাইনে

০৯তম বিসিএস পরীক্ষার বিজ্ঞপ্তি পাওয়া যাবে বাংলাদেশ সরকারি কর্মকমিশনের (পিএসসি) ওয়েবসাইটে (www.bpsc.gov.bd) ও bit.ly/2J0V4Wx লিংকে। আবেদন করা যাবে www.bpsc.gov.bd ও ওয়েবসাইটের মাধ্যমে। শুরু হয়ে গেছে আবেদনপ্রক্রিয়া, শেষ সময় ৩০ এপ্রিল সন্ধ্যা ৬টা। আবেদনপত্র পূরণের নির্দেশাবলি পাওয়া যাবে ওয়েবসাইটে। পিএসসি সূত্রে জানা গেছে, পরীক্ষা হতে পারে জুলাইয়ে। সময়সূচি প্রকাশ করা হবে কমিশনের ওয়েবসাইট ও সংবাদমাধ্যমে। লিখিত পরীক্ষা হবে শুধু ঢাকা কেন্দ্রে।

#### ১০০ নম্বরের সাধারণ বিষয়াবলি

সাধারণ বিষয়াবলিতে বরাদ্দ ১০০ নম্বর। নম্বরবন্টন বাংলা ২০, ইংরেজি ২০, বাংলাদেশ বিষয়াবলি ২০, আন্তর্জাতিক বিষয়াবলি ২০, গাণিতিক যুক্তি ১০ ও মানসিক দক্ষতা ১০। মোট ১০০টি এমসিকিউ প্রশ্ন থাকবে। প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ নম্বর পাবেন। আছে নেগেটিভ মার্কিং। প্রতিটি ভুল উত্তরে কাটা যাবে ০.৫০ নম্বর।

#### বাংলা

বাংলা ভাষা ও সাহিত্য থেকে থাকবে ২০ নম্বর। ভাষা অংশে থাকবে ১৫ ও সাহিত্যে ৫ নম্বর। ভাষা অংশে প্রশ্ন করা হবে প্রয়োগ-অপপ্রয়োগ, বানান ও বাক্য শুদ্ধি, পরিভাষা, সমার্থক ও বিপরীতার্থক শব্দ, ধ্বনি, বর্ণ, শব্দ, পদ, বাক্য, প্রত্যয়, সন্ধি ও সমাস থেকে। সাহিত্য অংশে প্রশ্ন হবে প্রাচীন, মধ্যযুগ ও আধুনিক যুগ (১৮০০ সাল থেকে বর্তমান পর্যন্ত) থেকে। ৩৩০ম বিসিএসে স্বাস্থ্য ক্যাডারে প্রথম স্থান অধিকারী ডা. মো. রায়হান আলী মোল্লা বলেন, '২০ নম্বরের মধ্যে ১৫ নম্বরই বরাদ্ধি ব্যাকরণে। তাই এতে বেশি সময় দিতে হবে। সন্ধিবিচ্ছেদ, সমাসসহ কিছু টপিক থেকে প্রায় প্রতিবছরই প্রশ্ন আসে। নবম-দশম শ্রেণির ব্যাকরণ বই থেকে টপিক ধরে পড়লেই চলে। সাহিত্য অংশে রবীন্দ্রনাথ, নজরুল থেকে প্রশ্ন আসার সম্ভাবনা বেশি। দেখতে হবে বিগত বছরের প্রশ্ন।'

#### ইণ্যবিভি

পিএসসি সূত্রে জানা গেছে, ইংরেজিতে ল্যান্সুয়েজ অংশে থাকবে ১৫ নম্বর ও লিটারেচারে ৫ নম্বর। ল্যান্সুয়েজ পার্টে Parts of Speech থেকে Noun, Pronoun, Verb, Adjective, Adverb, Preposition, Conjunction থেকে প্রশ্ন থাকবে। Idioms & Phrases অংশে Meanings of Phrases, Kinds of Phrases, Identifying Phrases থেকে প্রশ্ন থাকবে। Clauses অংশে এর বিভিন্ন প্রকারভেদ ও ধরন থেকে পড়তে হবে। Tense, Verb, Preposition, Determiner, Gender, Number ও Subject-Verb Agreement থেকে প্রশ্ন থাকবে Corrections অংশে। Sentences, Voice & Transformations থেকেও প্রশ্ন থাকতে পারে। প্রস্তৃতি থাকা চাই Word Meaning, Synonyms, Antonyms, Spelling, Parts of speech, Prefixes and suffixes বিষয়েও। Paragraph, Letter, Application বিষয়ে ধারণা নিতে হবে Composition অংশে।

ইংলিশ লিটারেচার অংশে এলিজাবেথান পিরিয়ড থেকে একবিংশ শতাব্দী পর্যন্ত কবি-সাহিত্যিকদের রচনা থেকে প্রশ্ন আসবে। বিভিন্ন খ্যাতিমান কবি-লেখক-নাট্যকারের রচনা, নাটক, কবিতার কোটেশন থেকে প্রশ্ন আসতে পারে। বাংলার মতো ইংরেজিতেও গ্রামারে বেশি জোর দিতে হবে।

#### বাংলাদেশ বিষয়াবলি

পিএসসি সত্রে জানা গেছে, জাতীয় বিষয়াবলি থেকে থাকবে ৪টি প্রশ্ন। প্রশ্ন আসতে পারে প্রাচীনকাল থেকে বর্তমান ইতিহাস, কৃষ্টি ও সংস্কৃতি, মুক্তিযুদ্ধ ও বাংলাদেশের অভ্যদয়, ভাষা আন্দোলন, ১৯৫৪ সালের নির্বাচন, ছয় দফা, গণ-অভ্যথান ও ১৯৭০ সালের সাধারণ নির্বাচন থেকে। বাংলাদেশ কৃষিজ সম্পদ; জনসংখ্যা, আদমশুমারি, জাতি-গোষ্ঠী ও উপজাতি; অর্থনীতি; শিল্প ও বাণিজ্য থেকে ২টি করে মোট ৮টি প্রশ্ন থাকতে পারে। সংবিধান থেকে দটি প্রশ্ন আসতে পারে। রাজনৈতিক ব্যবস্থা এবং সরকারব্যবস্থা থেকে থাকতে পারে চারটি প্রশ্ন। বাকি ২টি প্রশ্ন আসতে পারে জাতীয় অর্জন, বিশিষ্ট ব্যক্তিত্ব, গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান ও স্থাপনা, পুরস্কার, খেলাধুলা, চলচ্চিত্র ও গণমাধ্যম থেকে। ৩৩তম বিসিএসে স্বাস্থ্য ক্যাডারে তৃতীয় স্থান অধিকারী ডা. ফিরোজ আহমেদ আল-আমিন জানান, বিগত ছয় মাসের সাম্প্রতিক বাংলাদেশ থেকে বেশি প্রশ্ন আসে। নিয়মিত পত্রিকা পড়ার অভ্যাস কাজে দেবে। কারেন্ট অ্যাফেয়ার্সবিষয়ক সাময়িকী ও পরীক্ষার আগে প্রকাশিত এর বিসিএস স্পেশাল সংখ্যা কাজে দেবে।

#### আন্তর্জাতিক বিষয়াবলি

চারটি প্রশ্ন থাকবে বৈশ্বিক ইতিহাস, আঞ্চলিক ও আন্তর্জাতিক ব্যবস্থা, ভূ-রাজনীতি থেকে। আন্তর্জাতিক নিরাপত্তা ও আন্তরাষ্ট্রীয় ক্ষমতা সম্পর্ক বিষয়ে থাকবে চারটি প্রশ্ন। সাম্প্রতিক ঘটনাপ্রবাহ থেকে থাকবে আরো চারটি প্রশ্ন। পরিবেশণত ইস্যু ও কূটনীতিও দেখতে হবে। এতেও বরাদ্দ ৪ নম্বর। বাকি ৪ নম্বরের প্রশ্ন করা হবে আন্তর্জাতিক সংগঠন ও অর্থনৈতিক প্রতিষ্ঠান থেকে। আন্তর্জাতিক বিষয়াবলির জন্য একই ধরনের পরামর্শ দিলেন ডা. মো. রায়হান আলী মোল্লা। তিনি জানান, বিগত ছয় মাসের পত্রপত্রিকার আন্তর্জাতিক পাতা ও কারেন্ট অ্যাফেয়ার্সবিষয়ক সাময়িকী পড়লে প্রস্তুতি অনেকটাই হয়ে যায়। সাম্প্রতিকে জোর দিতে হবে। যেমন—সিরিয়া ইস্যু ও রোহিঙ্গা সমস্যা থেকে প্রশ্ন আসতে পারে।

#### গাণিতিক যুক্তি

বাস্তব সংখ্যা, লসাগু, গসাগু, শতকরা, সরল ও যৌগিক মুনাফা, অনুপাত ও সমানুপাত, লাভ ও ক্ষতি থেকে থাকবে দুটি প্রশ্ন। দুটি প্রশ্ন থাকরে বীজগাণিতিক সূত্রাবলি, বহুপদী উৎপাদক, সরল ও দ্বিপদী সমীকরণ, সরল ও দ্বিপদী অসমতা, সরল সহসমীকরণ থেকে। সূচক ও লগারিদম, সমান্তর ও গুণোত্তর অনুক্রম ও ধারায় বরাদ্দ ২। রেখা, কোণ, ত্রিভুজ ও চতুর্ভুজসংক্রান্ত উপপাদ্য, পিথাগোরাসের উপপাদ্য, বৃত্তসংক্রান্ত উপপাদ্য, পরিমিতি-সরলক্ষেত্র ও ঘনবস্তু থেকে ২ এবং বাকি ২ নম্বরের প্রশ্ন করা হবে সেট. বিন্যাস ও সমাবেশ, পরিসংখ্যান ও সম্ভাব্যতা থেকে। ডা. ফিরোজ আহমেদ আল-আমিন মনে করেন, অন্যদের থেকে পার্থক্য গড়ে দিতে পারে গণিত। ১০ নম্বরের গাণিতিক যুক্তি অংশে কোনো ভুল করা যাবে না। তিনি বলেন, 'কোনো কোচিং করিনি, মডেল টেস্টও দিইনি। বন্ধদের গণিতের অঙ্ক ধরতে বলতাম। তারা প্রশ্ন করলে ১০ সেকেন্ডে সেটির সমাধান করার চেস্টা করতাম। এই চর্চাটা অনেক কাজে দিয়েছে।

#### মানসিক দক্ষতা

মানসিক দক্ষতা বা মেন্টাল অ্যাবিলিটি বিষয়ে ১০ নম্বরের প্রশ্ন করা হবে ছয়টি বিষয় থেকে। এগুলো হলো ভাষাগত যৌক্তিক বিচার (Verbal Reasoning), সমস্যা সমাধান (Problem Solving), বানান ও ভাষা (Spelling and Language), যান্ত্রিক দক্ষতা (Mechanical Reasoning), স্থানান্ধ সম্পর্ক (Space Relation) ও সংখ্যাগত ক্ষমতা (Numerical Ability) থেকে। ডা. মো. রায়হান আলী মোল্লা জানান, বিভিন্ন বই থেকে এ বিষয়ের প্রস্তুতি নিলেই চলে। ইন্টারনেটেও এসব বিষয়ে চর্চা করা যায়, যা প্রস্তুতিতে সহায়ক হয়।

## যেভাবে চাকরি পেলাম

# প্রিলিমিনারি ও রিটেনের প্রস্তুতি একসঙ্গে নিয়েছি

জুতসই একটি চাকরি বগলদাবা করা সহজ কর্ম নয়। তামান্না তাবাসসুমকে চাকরি পাওয়ার অভিজ্ঞতার কথা শুনিয়েছেন টাঙ্গাইলের দেলদুয়ার উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সাবিনা ইয়াসমিন

খুব পরিপাটি হয়ে আমাদের কুল পরিদর্শনে আসতেন কিছু মানুষ। আমাদের সঙ্গে হেসে কথা বলতেন, সহজ সহজ যোগ-বিয়োগ জিজ্ঞেস করতেন। তখন জানতাম না তাঁরা কে; কিন্তু তখনই ঠিক করেছিলাম আমিও তাঁদের মতো হব।

জানতাম না. ম্যাজিস্ট্রেট হতে হলে আমাকে কী কী করতে হবে। তবুও স্বপ্নটা আঁকড়ে ধরেই পড়াশোনা করা। ঢাকা বিশ্ববিদ্যালয়ে রাষ্ট্রবিজ্ঞান বিভাগে ভর্তির পর বঝলাম, আমি আমার স্বপ্ন পুরণ করার জন্য অসাধারণ একটা প্ল্যাটফর্ম পেয়েছি। পড়াশোনায় বরাবরই বেশ মনোযোগী ছিলাম। তাই সব পরীক্ষার রেজাল্ট বেশ ভালোই হতো। এবার আসি আমার বিসিএসের প্রস্তুতি নিয়ে। ক্যাম্পাসের বড় ভাইয়া-আপু, যারা বিসিএসে টিকেছেন, তাদের ফলো করেছি। এরপর নিজের মতো করে একটি রুটিন তৈরি করে ফেলি। রোজ তিনটি দৈনিক সংবাদপত্র পড়তাম, দৃটি বাংলা ও একটি ইংরেজি। লাইব্রেরিতে তিন বান্ধবী মিলে গ্রুপ স্ট্যাডি করতাম। তার পরও নিয়মিত রাত জেগে পড়েছি। আমি ছাড়া আমার দুর্বল জায়গাণ্ডলো আর কে জানে? দুর্বলতাণ্ডলো কাটানোর চেস্টা করেছি। বিসিএস কোচিংয়ে ভর্তি হলেও বেশিদিন ক্লাস করিনি। আমার মনে হয়েছে, বিসিএস অনুশীলনের ব্যাপার। কোচিংয়ে নতুন করে কিছু শেখার নেই। যে যত বেশি চর্চা করবে, সে-ই ভালো করবে। বিশ্ববিদ্যালয়জীবনের শুরু থেকেই অল্পবিস্তর সাধারণ জ্ঞান, ইংরেজি আর গণিতের চর্চা করেছি। ক্লাস সিক্স থেকে টেনের ইংরেজি গ্রামার আর ম্যাথসের ওপর পরিষ্কার ধারণা নিয়েছিলাম। এটি বিসিএসের প্রস্তুতিতে অনেক সাহায্য করেছে। সবাই বিসিএসের জন্য যেসব বইপত্র পড়েন, আমিও সেসব বই-ই পড়েছি।

বেশির ভাগ ছাত্র-ছাত্রীই বিসিএসের প্রস্তুতি নিতে গেলে প্রথমে সাধারণত প্রিলিমিনারির প্রস্তুতি নেন। আমি বলব শুরু থেকেই রিটেন পরীক্ষার প্রস্তুতি নিতে। লিখিত পরীক্ষার জন্য অনুশীলন করলে প্রিলিমিনারির প্রস্তুতিও এমনিতেই হয়ে যাবে। আমিও এমনটি করেছিলাম।

বিসিএসের প্রস্তুতি দিয়েই আমি চারটি চাকরি পেয়েছি। ২৯তম বিসিএসে প্রথম অংশ নিই। প্রিলিমিনারিতে বাদ পড়ার পর বাংলাদেশ জাতীয় গোয়েন্দা সংস্থায় চাকরি পাই। এ চাকরিতে ছিলাম তিন বছর। এই প্রতিষ্ঠানের চাকরির পরীক্ষা অনেকটা বিসিএসের মতোই। তফাতটা এই—প্রথমেই আমাকে শারীরিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হয়েছে। এরপর যে কয়েকটি ভাইভা বোর্ডের মুখোমুখি হয়েছি, তার প্রতিটিতেই আমার চাকরি হয়েছে। তার পরও বিসিএস প্রিলিমিনারিতে বাদ পড়া নিয়ে

হতাশ ছিলাম। প্রচণ্ড মন খারাপ হয়েছিল। পরে দেখলাম, বিশ্ববিদ্যালয় এবং হলের যাঁরা বিসিএসে চান্স পেয়েছেন, তাঁরা আমার চেয়ে বেশি সময় পড়েছেন। আবার প্রস্তুতি নেওয়া শুরু করলাম।

অফিস, বিসিএসের পড়া—সব মিলিয়ে ভীষণ ব্যস্ততার মধ্যে কাটত দিনগুলো। ৩০তম বিসিএসে যথারীতি প্রিলি ও রিটেন হলো। টিকে গেলাম। মুখোমুখি হলাম ভাইভা বোর্ডের। দীর্ঘ ৪০ মিনিটের এই ভাইভাটা ছিল আমার জীবনের সেরা পারফরম্যান্ত। সব প্রশ্ন করা হয়েছিল ইংরেজিতে। ভাইভা বোর্ডের প্রত্যেক সদস্যের প্রতিটি প্রশ্নের উত্তর পেরেছিলাম। একটা সময় নিজের কাছেই মনে হচ্ছিল, বের হব কখন! বুঝলাম, আমাকে না আটকানো পর্যন্ত প্রশ্ন করতেই থাকবেন ওনারা। একজন সম্মানিত সদস্য জানতে চাইলেন, হিলফুল ফুজুল কী? উত্তর জানা



বিসিএস কোচিংয়ে ভর্তি হলেও বেশি দিন ক্লাস করিনি। আমার মনে হয়েছে, কোচিংয়ে নতুন করে কিছু শেখার নেই

থাকা সত্ত্বেও বলেছিলাম-স্যার, জানি না। সত্যি বলতে কী. ভাইভা বোর্ড থেকে বের হয়েই বলেছিলাম-'এইবার না হলে আর কখনোই হবে না। শেষ পর্যন্ত আমার বিসিএসের স্বপ্ন পূরণ হয়েছিল বলেই আজ আমি এ জায়গায়। হাঁা, কাজটা চ্যালেঞ্জিং। লিডারশিপ কোয়ালিটি আর ম্যানেজমেন্ট পাওয়ার ভালো থাকা বাধ্যতামূলক। আমার কাজের পরিবেশ বেশির ভাগ সময়ই আমার অনুকলে থাকে। এটা বলার অপেকা রাখে না যে আমি কতটা খুশি আমার কাজ নিয়ে। কাজ করতে গিয়ে নানা রকম অভিজ্ঞতা হয়। একবার একটি গ্রামে স্কুল ভিজিটে গিয়েছিলাম। স্কুলের পাশে অনেক মানুষের মধ্যে আমিও দাঁড়িয়ে। হঠাৎ একজন বয়স্ক মানুষ এসে বললেন, 'তোমার বাড়ি কই? কোন ক্লাসে পড়ো? আগে স্কুলে দেখিনি তো!' অনেক কন্টে সেদিন হাসি চেপে রেখেছিলাম।



# চাকরি নিয়ে সৌদি যাবেন?

নির্মাণ শ্রমিক, হেলপার, রাজমিস্ত্রি, রংমিস্ত্রিসহ বিভিন্ন পদে ৬০০ বাংলাদেশিকে চুক্তিভিত্তিক নিয়োগ দেবে সৌদি আরবের নির্মাণপ্রতিষ্ঠান আল বাওয়ানি। আবেদন করা যাবে ২৬ এপ্রিল পর্যন্ত।

বিস্তারিত জানাচ্ছেন রায়হান রহমান

রাজমিস্ত্রি (টাইল সেটার, ব্লক লেয়ার, প্লাস্টারার, মারবেল সেটার) পদে ৫৫ জন, রংমিন্ত্রি পদে ৬০ জন, জিপসাম ইনস্টলার (ড্রাইওয়াল ও সিলিং) পদে ২৫ জন, কার্পেন্টারি শপে ফিনিশিং কার্পেন্টার পদে ২০ জন, সাইটে কাজ করার জন্য কার্পেন্টার পদে ১০ জন, হেভি ডিউটি ড্রাইভার্স পদে ১০ জন, বিভিং ইলেকট্রিশিয়ান পদে ১০ জন, স্টিল ফিক্সার ও রডমিস্ত্রি পদে ১০ জন, ওয়েন্ডার পদে ১০ জন, পাইপ ফিটার পদে ১০ জন, প্রাম্বার পদে ১০ জন, সাটারিং কার্পেন্টার পদে ১০ জন, ফ্রোর ভিনাইল ইনস্টলার পদে ১০ জন, নির্মাণ শ্রমিক পদে ২২০ জন এবং হেলপার বা ক্লিনার পদে ১৩০ জন শ্রমিক নেবে সৌদি আরবের নির্মাণপ্রতিষ্ঠান আল বাওয়ানি কম্পানি লিমিটেড। এসব শ্রমিক পাঠানো হবে সেনা কল্যাণ ওভারসিজ এমপ্লয়মেন্ট সার্ভিসেস লিমিটেডের মাধ্যমে। মধ্যপ্রাচোর বিভিন্ন দেশে কাজের অভিজ্ঞতাসম্পন্ন কর্মীরা অগ্রাধিকার পাবেন। বিজ্ঞপ্তিটি ছাপা হয়েছে ১৭ এপ্রিল বাংলাদেশ প্রতিদিনে। (পু. ৭) পাওয়া যাবে www.senakalyan.org/wfimages/SKOESL. pdf ঠিকানায় বা bit.ly/2F6imbi লিংকে।

#### আবেদনের যোগ্যতা

রাজমিস্ত্রি, রংমিস্ত্রি, জিপসাম ইনস্টলার, ফিনিশিং কার্পেন্টার, হেভি ডিউটি ড্রাইভার্স, কার্পেন্টার, স্টিল ফিব্রার ও রডমিন্তি, পাইপ ফিটার, প্লাম্বার, সাটারিং কার্পেন্টার, ফ্রোর ভিনাইল ইনস্টলার, নির্মাণ শ্রমিক ও হেলপার বা ক্রিনার পদে অস্টম শ্রেণি পাস হলেই আবেদন করা যাবে। বিন্ডিং ইলেকটিশিয়ান ও ওয়েন্ডার পদে আবেদনের যোগ্যতা এসএসসি। নির্মাণ শ্রমিক ও হেলপার বা ক্লিনার পদে এক থেকে দুই বছর এবং অন্যান্য পদে কমপক্ষে পাঁচ বছরের অভিজ্ঞতা লাগবে। ফিনিশিং কার্পেন্টার, কার্পেন্টার, বিভিং ইলেকট্রিশিয়ান ও প্লাম্বার পদে থাকতে হবে সংশ্লিষ্ট বিষয়ে ট্রেড কোর্স সার্টিফিকেট। হেভি ডিউটি ড্রাইভিং পদের জন্য ড্রাইভিং লাইসেন্স, ওয়েন্ডার পদে লাগবে আইটিআই কোর্স সার্টিফিকেট। ১ এপ্রিল তারিখে বয়সসীমা ২৫ থেকে ৪৫ বছর।

#### আবেদনপ্রক্রিয়া ও খরচাপাতি

ওয়েবসাইট (www.senakalyan.org) থেকে আবেদনপত্র ডাউনলোড ও প্রিন্ট করতে হবে। পুরণ করে পাঠাতে হবে ব্যবস্থাপনা পরিচালক,



সেনা কল্যাণ ওভারসিজ এমপ্লয়মেন্ট সার্ভিস লিমিটেড, ১৯৪/এবি, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ ঠিকানায়। ২৬ এপ্রিলের মধ্যে ডাকযোগে, কুরিয়ারে বা সরাসরি জমা দিতে হবে আবেদনপত্র। বাছাইকৃত প্রার্থীদের এসএমএসের মাধ্যমে পরীক্ষার সময়, তারিখ ও স্থান জানানো হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে প্রক্রিয়াকরণ ও অন্যান্য সরকারি ফি বাবদ ৩৫ হাজার টাকা পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে। ওয়ার্ক পারমিট ও ভিসার ব্যবস্থা করবে নিয়োগদানকারী প্রতিষ্ঠান। আসা-যাওয়ার বিমানভাড়া, থাকা-খাওয়া, চিকিৎসাসহ প্রয়োজনীয় সব খরচ বহন করবে কর্তৃপক্ষ।

#### বাছাইপ্রক্রিয়া ও নিয়োগ

সেনা কল্যাণ ওভারসিজ এমপ্লয়মেন্ট সার্ভিসেস
লিমিটেড জানায়, বাছাইপ্রক্রিয়ার প্রধান বিষয়
ব্যবহারিক পরীক্ষা। পদসংশ্লিষ্ট বিষয়ে দিতে হবে
ব্যবহারিক পরীক্ষা। পাইপ ফিটার পদে দেখা হবে
অবকাঠামো অনুসারে পাইপের ধরন নির্ধারণ,
পাইপ সঠিকভাবে কাটতে পারা এবং ফিটিং
করতে পারার দক্ষতা। প্লাম্বার পদে দেখা হবে
বেসিন ও সেনিটারি কাজে দক্ষতা। এভাবে পদ
অনুসারে টাইলস সেট করা, রক লেয়ার করা,
প্লাম্বার করা, বিভিন্ন জায়গায় মারবেল বসানো,
ডাইভিং, রং করার কাজে দক্ষতা দেখা হবে।
উত্তীর্ণ সবাইকে দিতে হবে মৌখিক পরীক্ষা।
সংশ্লিষ্ট কাজ সম্পর্কে প্রয়োজনীয় জ্ঞান আছে কি

না দেখা হবে মৌখিক পরীক্ষায়। বিদেশে গিয়ে কাজ করার যোগ্যতা, ধৈর্য, উপস্থিত বৃদ্ধিমত্তা, কাজ করার কৌশল দেখা হবে। পরে দিতে হবে মেডিক্যাল টেস্ট। চূড়ান্তভাবে নির্বাচিতদের নিয়োগ দিয়ে পাঠানো হবে সৌদি আরব।

বেতন ও সুযোগ-সুবিধা

সপ্তাহে ছয় দিন, দৈনিক আট ঘণ্টা কাজ করতে হবে। রাজমিন্ত্রি, রংমিন্ত্রি, বিল্ডিং ইলেকট্রিশিয়ান, স্টিল ফিক্সার ও রডমিস্ত্রি, ওয়েন্ডার, পাইপ ফিটার, প্লাদার, সাটারিং কার্পেন্টার, ফ্রোর ভিনাইল ইনস্টলার পদে প্রতি মাসে বেতন দেওয়া হবে ১৪৩০ সৌদি রিয়াল (বাংলাদেশি টাকায় প্রায় ৩০০০০ টাকা)। জিপসাম ইনস্টলার (ড্রাইওয়াল ও সিলিং), ফিনিশিং কার্পেন্টার ও কার্পেন্টার পদের জন্য দেওয়া হবে ১৮২০ রিয়াল (প্রায় ৩৮০০০ টাকা)। হেভি ডিউটি ড্রাইভার পদে পাওয়া যাবে ২১৪৫ সৌদি রিয়াল (প্রায় ৪৫০০০ টাকা)। অদক্ষ ক্যাটাগরিতে নির্মাণ শ্রমিক ও হেলপার বা ক্রিনার পদে দেওয়া হবে ১১৭০ রিয়াল (প্রায় ২৪৫০০ টাকা)। ওভারটাইম করলে অতিরিক্ত ভাতা দেওয়া হবে। পাওয়া যাবে স্বাস্থ্য ও জীবন বীমা সুবিধা। বাড়তে পারে চুক্তির মেয়াদ।

#### যোগাযোগ

সেনা কল্যাণ ওভারসিজ এমপ্লয়মেন্ট সার্ভিস, ১৯৪/এবি, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। ফোন: ০২-৮৮৭৮০১০, ০২-৮৮৭৮৪৬১।

### সোনালী ব্যাংকের অফিসার (ক্যাশ) নিয়োগ পরীক্ষা ২৭ এপ্রিল



অফিসার (ক্যাশ) পদে নিয়োগ পরীক্ষার সময়সূচি
প্রকাশ করেছে সোনালী ব্যাংক লিমিটেড। ২৭ এপ্রিল
বিকেল ৩টা থেকে ৪টা পর্যন্ত পরীক্ষা হবে। পরীক্ষা
হবে এমসিকিউ পদ্ধতিতে। পূর্ণমান ১০০ নম্বর। এরই
মধ্যে যেসব প্রাথী প্রবেশপত্র ডাউনলোড করেছেন,
তারাই পরীক্ষায় অংশ নিতে পার্বেন। ঢাকার ৩১টি
কেন্দ্রে ৮৭ হাজার ৬৩৯ জন পরীক্ষার্থী অংশ নেবেন।

বাংলাদেশ ব্যাংকের মহাব্যবস্থাপক ও বিএসসির সদস্যসচিব মো. মোশাররফ হোসেন খান জানান, পরীক্ষা শুরুর কমপক্ষে এক ঘটা আগে উপস্থিত হতে হবে। হলে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্ট ঘড়ি ও অন্যান্য ইলেকট্রনিক ডিভাইস নিয়ে প্রবেশ করা যাবে না।

### কর্মসংস্থান ব্যাংকের লিখিত পরীক্ষা ২৭ এপ্রিল



কর্মসংস্থান ব্যাংকের ডাটা এন্ট্রি অপারেটর পদের লিখিত পরীক্ষার সময়সূচি প্রকাশিত হয়েছে। আগামী ২৭ এপ্রিল বিকেল সাড়ে ৩টা থেকে সাড়ে ৪টা পর্যন্ত ঘণ্টাব্যাপী পরীক্ষা নেওয়া হবে। যাত্রাবাড়ীর দনিয়া কলেজে পরীক্ষা হবে। ৬ এপ্রিল অনুষ্ঠিত এমসিকিউ পরীক্ষায় উত্তীর্ণরা লিখিত

পরীক্ষায় অংশ নিতে পারবেন। এমসিকিউ পরীক্ষার ফল এবং লিখিত পরীক্ষার বিস্তারিত তথ্য জানা যাবে www.karmasangsthanbank.gov.bd ওয়েবসাইটে।

> আহমদ ভড

#### সাম্প্রতিক

#### ১৫ এপ্রিল। জাতীয়

- নুনাফা অর্জন ও শ্রেণীকৃত ঋণের নিম্নহারসহ বিভিন্ন আর্থিক সূচকের দিক থেকে শীর্ষস্থানে জনতা ব্যাংক লিমিটেড।
- –পরিকল্পনা মন্ত্রণালয়ের সামাজিক বিজ্ঞান গবেষণা
  পরিষদের 'ডেভেলপমেন্ট অব ট্যুরিজম ইন্ডাস্ট্রি ইন
  বাংলাদেশে শীর্ষক গবেষণার প্রতিবেদন অনুযায়ী,
  বাংলাদেশের মোট দেশজ উৎপাদনে (জিডিপি) পর্যটন খাতের
  অবদান মাত্র ২.২ শতাংশ। থাইল্যান্ডের জিডিপির ৯.২
  শতাংশ, ভিয়েতনামের ৪.৬ শতাংশ, নেপালের ৩.৬ শতাংশ,
  ভারতের ৩.৩ শতাংশ, মালয়েশিয়ার জিডিপির ৪.৭ শতাংশ
  আসে পুর্যটন খাত থেকে।

#### আন্তর্জাতিক

- অস্ট্রেলিয়ায় অনুষ্ঠিত কমনওয়েলথ গেমসের ২১তম
  আসরের সমাপ্তি। ৮০টি সোনা, ৫৯টি রূপা ও ৫৯টি
  রোঞ্জসহ ১৯৮টি পদক জিতে শীর্যস্থানে অস্ট্রেলিয়া।
  বাংলাদেশের হয়ে দুটি রূপা জিতেছেন আবদুল্লাহহেল বাকী
  ও শাকিল আহমেদ।
- —ইংলিশ প্রিমিয়ার লিগে ম্যানচেস্টার সিটির শিরোপা জয়। ইংলিশ লিগে এটি তাদের পঞ্চম শিরোপা।
- –সৌদি আরবের পূর্বাঞ্চলীয় নগরী দাহরানে আরব লিগের ২৯তম শীর্ষ সম্মেলন অনুষ্ঠিত।
- –বিশ্বের সবচেয়ে বড় বিজ্ঞাপনী সংস্থা ডাব্লিউপিপির প্রতিষ্ঠাতা এবং সিইও মার্টিন সোরেলের পদত্যাগ।

#### ১৬ এপ্রিল। জাতীয়

—যুক্তরাষ্ট্রের 'নটর ডেম অ্যাওয়ার্ড ফর ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট অ্যান্ড সলিডারিটি' পেলেন নোবেলজয়ী প্রফেসর মুহাম্মদ ইউনুস। এই পুরস্কার দেয় কেলোগ ইনস্টিটিউট ফর ইন্টারন্যাশনাল স্টাডিজ।

- —ভারতের হায়দরাবাদের মক্কা মসজিদে বিক্ফোরণের ঘটনায় অভিযুক্তদের খালাস দিয়েছেন জাতীয় তদন্ত সংস্থার (এনআইএ) বিশেষ আদালত।
- রোহিঙ্গাদের ফিরে যাওয়ার মতো অনুকূল ও নিরাপদ পরিবেশ সৃষ্টির লক্ষ্যে তাদের নিপীড়নকারীদের বিচারে মিয়ানমারকে তাগিদ দিলেন জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস।

#### ১৭ এপ্রিল। জাতীয়

- –প্রথম বাংলাদেশি হিসেবে দলীয়ভাবে সাংবাদিকতায় বিশ্বের সেরা পুরস্কার পুলিৎজার জিতলেন রয়টার্সের ফটোগ্রাফার মোহাম্মদ পনির হোসেন।
- ১১৪ জন শিক্ষার্থী নিয়ে সিরাজগঞ্জের শাহজাদপুরে রবীন্দ্র বিশ্ববিদ্যালয়ের যাত্রা শুরু।

#### আন্তর্জাতিক

–যুক্তরাষ্ট্রের সাবেক ফার্স্ট লেডি বারবারা বুশের মৃত্যু। তাঁর স্বামী জর্জ এইচ ডাব্লিউ বুশ ছিলেন যুক্তরাষ্ট্রের ৪১তম প্রেসিডেন্ট, ছেলে জর্জ ডাব্লিউ বুশ ছিলেন ৪৩তম প্রেসিডেন্ট।



The place weed?

In the form age of the property of the place of the p

Settingcopility Staff of Resisters

or control discourse for express for expre

- —জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক কমিশনের
  (ইকোসক) সহযোগী তিনটি অঙ্গ সংস্থার নির্বাচনে
  বাংলাদেশের জয়লাভ। সংস্থাগুলো হলো—কমিশন অন দ্য
  স্ট্যাটাস অব উইমেন (সিএসডাব্লিউ), ইউনিসেফের তহবিল
  পরিচালনা পরিষদ এবং ইউএন উইমেনের পরিচালনা
  পরিষদ।
- যুক্তরাষ্ট্র থেকে সোণাম আমদানিতে ১৭৯ শতাংশ শুল্ক
  আরোপ করবে চীন। সোণাম ভুটাজাতীয় এক ধরনের
  খাদ্যশস্য, যা গবাদিপশুকে খাওয়ানোর জন্য এবং মদ
  তৈরিতে ব্যবহৃত হয়।
- –রাসায়নিক অস্ত্র প্রয়োগের সত্যতা যাচাই করতে সিরিয়ার বিদ্রোহী অধ্যুষিত পূর্ব গৌতার দৌমায় আন্তর্জাতিক বিশেষজ্ঞ দল।
- –মিয়ানমারে নববর্ষ উপলক্ষে ৩৬ জন রাজনৈতিক বন্দিসহ

সাড়ে আট হাজারের বেশি বন্দিকে মুক্তি দেওয়ার সিদ্ধান্ত নিল দেশটির সরকার।

—ক্ষমতাচ্যুত পাকিস্তানের প্রধানমন্ত্রী নওয়াজ শরীফ, তাঁর মেয়ে মরিয়ম নওয়াজ এবং তাঁর অন্যান্য সহযোগীর বক্তব্যের সম্প্রচার ১৫ দিনের জন্য নিষিদ্ধ করেছে লাহোর হাইকোর্ট।

#### ১৮ এপ্রিল। জাতীয়

- -স্বায়ত্তশাসিত ও আধাস্বায়ত্তশাসিত সংস্থার প্রকল্প
  বান্তবায়নের জন্য বার্ষিক উল্লয়ন কর্মসূচির (এডিপি)
  আওতায় সরকারের কাছ থেকে পাওয়া তহবিল এবং
  সরকারি, আধাসরকারি প্রতিষ্ঠান, স্বায়ত্তশাসিত ও
  আধাস্বায়ত্তশাসিত সংস্থার নিজস্ব তহবিলের মোট অর্থের ৫০
  শতাংশ পর্যন্ত বেসরকারি ব্যাংকে রাখার সুযোগ রেখে
  বাংলাদেশ ব্যাংকের সার্কুলার জারি।
- —ইন্দোনেশিয়ার লম্বক দ্বীপে আন্তর্জাতিক সমুদ্র মহড়ায় অংশ নিতে বাংলাদেশ নৌবাহিনীর যুদ্ধজাহাজ 'সমুদ্র অভিযান'র চট্টগ্রাম নৌ জেটি ত্যাগ।

#### আন্তর্জাতিক

- –বিদেশি মুদ্রার মজুদে ডলারের পরিবর্তে ইউরো ব্যবহারের সিদ্ধান্ত ইরানের।
- —চীনের দক্ষিণাঞ্চলীয় হাইনান দ্বীপে ভিসা ছাড়াই প্রবেশের সুযোগ পাবেন ৫৯টি দেশের পর্যটকরা।
- —উত্তর কোরিয়ার নেতা কিম জং উনের সঙ্গে বৈঠক করলেন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মাইক পম্পেও।

তুরক্ষে নির্ধারিত সময়ের চেয়ে দেড় বছর আগে আগামী
 ২৪ জুন নির্বাচনের তারিখ নির্ধারণ করলেন দেশটির
 প্রেসিডেন্ট রিসেপ তাইয়িপ এরদোয়ান।

#### ১৯ এপ্রিল। আন্তর্জাতিক

- —লন্ডনে সাবেক ব্রিটিশ উপনিবেশভুক্ত ৫৩টি দেশের জোট কমনওয়েলথের শীর্ষ সম্মেলন শুরু। এবারের সম্মেলনের প্রতিপাদ্য—'টুওয়ার্ডস এ কমন ফিউচার।'
- যুক্তরাষ্ট্রভিত্তিক সাময়িকী 'টাইম'-এ ২০১৮ সালের বিশ্বের ১০০ প্রভাবশালী ব্যক্তির তালিকায় বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনার নাম।
- –সিরিয়ার রাজধানী দামেস্কের দক্ষিণাঞ্চল থেকে ইসলামিক স্টেট (আইএস) জঙ্গিদের সরে যেতে ৪৮ ঘণ্টার আল্টিমেটাম দিল দেশটির সরকার।

#### ২০ এপ্রিল। আন্তর্জাতিক

–পরমাণু অন্ত্র ও আন্তর্মহাদেশীয় ক্ষেপণান্ত্র পরীক্ষা স্থাপিত
রাখার ঘোষণা দিলেন উত্তর কোরিয়ার নেতা কিম জং উন।
 –ভারতের প্রধান বিচারপতি দীপক মিশ্রকে সংসদীয় বিচারের
মাধ্যমে অপসারণ চেয়ে রাজ্যসভায় নোটিশ দিয়েছে
কংগ্রেসসহ সাতটি বিরোধী দল।

#### ২১ এপ্রিল। আন্তর্জাতিক

—ফ্রান্সের মর্যাদাপূর্ণ লিজ্য দ'নর খেতাব ফিরিয়ে দিলেন সিরিয়ার প্রেসিডেন্ট বাশার আল আসাদ।

# কৰ্ম খালি

#### তথ্য মন্ত্রণালয়

পদ ও যোগ্যতা : অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, ২টি। এইচএসসি। যেকোনো উন্নয়ন প্রকল্পে ৪ বছর কাজের অভিজ্ঞতা।

বেতন : ১৭৩৪৫ টাকা।

আবেদনের শেষ তারিখ : ৩০ এপ্রিল।

যোগাযোগ: পরিকল্পনা অধিশাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সূত্র : প্রথম আলো, ১৮ এপ্রিল, পৃষ্ঠা-১৪

#### ■ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তপক্ষ

পদ ও যোগ্যতা : সহকারী যান্ত্রিক প্রকৌশলী, ৬টি। মেকানিক্যাল/মেরিন ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। সহকারী প্রকৌশলী, ৪টি। পুরকৌশল অথবা পানিসম্পদে স্নাতক প্রকৌশলী অথবা একই বিষয়ে এএমআই থেকে সার্টিফিকেটপ্রাপ্ত।

বয়সসীমা : ২১ থেকে ৩০ বছর।

বেতনক্রম: ২২০০০-৫৩০৬০ টাকা।
পদ ও যোগ্যতা: উপসহকারী প্রকৌশলী
(মেরিন/যান্ত্রিক), ৪টি। নৌ প্রযুক্তি বা যন্ত্র প্রকৌশলে ডিপ্লোমা। উপসহকারী প্রকৌশলী
(পরকৌশল), ৪টি। পরকৌশলে ডিপ্লোমা।

বয়সসীমা : ২১ থেকে ৩৫ বছর।

বেতনক্রম : ১৬০০০-৩৮৬৪০ টাকা।

পদ ও যোগ্যতা : কারিগরি সহকারী (মেকানিক্যাল), ১২টি। এইচএসসিসহ সংশ্লিষ্ট

ট্রেডে ২ বছরের কোর্স।

বেতনক্রম: ১০২০০-২৪৬৮০ টাকা।
পদ ও যোগ্যতা: ডিজেল মেকানিক, ৭টি। ৪
মাস মেয়াদের ট্রেড সার্টিফিকেট। ওয়েন্ডার,
৬টি। এইচএসসিসহ ওয়েন্ডিং কাজে ৩ বছরের
অভিজ্ঞতা অথবা সংশ্লিষ্ট ট্রেডে ৪ মাসের কোর্স।

বেতনক্রম: ৯৩০০-২২৪৯০ টাকা। পদ ও যোগ্যতা: গ্রিজার, ৪৬টি। এসএসসি

অথবা সমমান।

বেতনক্রম: ৯০০০-২১৮০০ টাকা।
আবেদনের শেষ তারিখ: ৩০ এপ্রিল।
যোগাযোগ: যুগ্ম পরিচালক, সংস্থাপন,
বিআইডাব্লিউটিএ, বিআইডাব্লিউটিএ ভবন, ১৪১১৪৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, পোস্টবক্স

১৪৩, মাতাঝল বাাণাজ্যক এলাকা, পোস্তবর ৭৬, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ওয়েব : www.jobsbiwta.gov.bd সূত্র : ইত্তেফাক, ১৭ এপ্রিল, পৃষ্ঠা-১৫

#### ■ অভ্যন্তরীণ নৌপরিবহন করপোরেশন

পদ ও যোগ্যতা : সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর, ৭টি। শর্টহ্যান্ড রাইটিংয়ে প্রতি মিনিটে গতি ইংরেজিতে ৮০ ও বাংলায় ৩০ শব্দ। কম্পিউটার টাইপিংয়ে গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৫০ ও বাংলায় ২৫ শব্দ। এসএসিস। হিসাব সহকারী/ক্যাশিয়ার, ২টি। বাণিজ্যে রাতক। হিসাব সংরক্ষণে ১ বছরের অভিজ্ঞতা। ভাণ্ডার রক্ষক, ১টি। স্টোর রক্ষণাবেক্ষণে এক বছরের অভিজ্ঞতাসহ বাণিজ্যে বা বিজ্ঞানে রাতক। টারমিনাল সুপারিনটেনডেন্ট, ৬টি। রাতক। কম্পিউটার অপারেটর, ৪টি। রাতক। বেতনক্রম: ১১০০০-২৬৫৯০ টাকা।
আবেদনের শেষ তারিখ: ৬ মে।
যোগাযোগ: চিফ পার্সোন্যাল অফিসার,
বিআইডাব্লিউটিসি, ২৪ কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামোটর, ঢাকা-১০০০।
সূত্র: যুগান্তর, ১৮ এপ্রিল, পৃষ্ঠা-৮

#### চউগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পদ ও যোগ্যতা : চিফ ইঞ্জিনিয়ার (ড্রেজার খনক), ১টি। ১ম শ্রেণির ডিটিপি (ইঞ্জিনিয়ারিং) সার্টিফিকেট অথবা ১ম শ্রেণির (ইঞ্জিনিয়ারিং) কম্পিটেপি সার্টিফিকেট ও বিদেশগামী জাহাজে চিফ ইঞ্জিনিয়ারিং হিসেবে ন্যুনতম ৩ বছরের পদ ও যোগ্যতা : সহকারী শিক্ষক/শিক্ষিকা (উচ্চ বিদ্যালয়), মানবিক, ২টি, বাণিজ্য, ১টি। সংশ্লিষ্ট বিষয়ে ন্যুনতম ২য় শ্রেণির স্লাতক। বিএড/এমএড।

বেতনক্রম : ১৬০০০-৩৮৬৪০ টাকা। আবেদনের শেষ তারিখ : ১৫ মে।

যোগাযোগ: পরিচালক, প্রশাসন, চট্টগ্রাম বন্দর কর্তপক্ষ, চট্টগ্রাম।

সূত্র : কালের কণ্ঠ, ১৪ এপ্রিল, পৃষ্ঠা-৬

#### মাদরাসা শিক্ষা বোর্ড

পদ ও যোগ্যতা : প্রগ্রামার, ১টি। পদার্থ/ফলিত পদার্থ/গণিত/পরিসংখ্যান/অর্থনীতি/সমাজ

এনআরবি ব্যাংক



পদ ও যোগ্যতা : ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর। সাতকোত্তর। সংশ্লিষ্ট ক্ষেত্রে ২০ বছরের অভিজ্ঞতা।

বেতন: আলোচনা সাপেকে।

আবেদনের শেষ তারিখ : ২৬ এপ্রিল।

যোগাযোগ: হেড অব হিউম্যান রিসোর্স, এনআরবি ব্যাংক লিমিটেড, করপোরেট হেড অফিস, সিম্পল ট্রি, আনারকলি, ৮৯ গুলশান এভিনিউ, গুলশান-১, ঢাকা।

সূত্র: ডেইলি স্টার, ১১ এপ্রিল, পৃষ্ঠা বিজনেস ২

অভিজ্ঞতা অথবা নৌবাহিনীর ইঞ্জিনিয়ারিং শাখার লে. কমাডার পদের অবসরপ্রাপ্ত কর্মকর্তা।

বেতনক্রম: ৮৪০০০-১৩০৭১০ টাকা।
পদ ও যোগ্যতা: ডেজিং মাস্টার, ১টি। ২য়
প্রেণির ডিটিপি সার্টিফিকেট অথবা ২য় শ্রেণি
(ডেক) কম্পিটেসি সার্টিফিকেট ও বিদেশগামী
জাহাজে চিফ অফিসার হিসেবে ২ বছরের
অভিজ্ঞতাসম্পন্ন অথবা নৌবাহিনীর
এক্সিকিউটিভ শাখার লেফটেন্যান্ট পদবির
অবসরপ্রাপ্ত কর্মকর্তা।

বেতনক্রম: ৫৭২০০-৬৬৯৩০ টাকা।
পদ ও যোগ্যতা: হাইড্রোগ্রাফার, ১টি।
গণিত/ভূগোল/পদার্থ বিজ্ঞান/ফলিত পদার্থ
বিজ্ঞানে ১ম শ্রেণির স্নাতকোত্তর অথবা ২য় শ্রেণির স্নাতক (সম্মান)সহ কমপক্ষে ২য় শ্রেণির স্নাতকোত্তর।

বেতনক্রম: ২২০০০-৫৩০৬০ টাকা।
পদ ও যোগ্যতা: জুনিয়র ইঞ্জিনিয়ার, ১টি। ৩য়
শ্রেণির ডিটিপি (ইঞ্জিনিয়ারিং) সার্টিফিকেট/৩য়
শ্রেণির (ইঞ্জিনিয়ারিং) কম্পিটেন্সি সার্টিফিকেট
অথবা নৌবাহিনীর ইঞ্জিনিয়ারিং শাখার
এমসিপিও (ই), সিপিও (ই) পদবির অবসরপ্রাপ্ত
কর্মকর্তা।

বেতনক্রম: ২৮২০০-৩৭০৫০ টাকা।
পদ ও যোগ্যতা: জুনিয়র স্টাফ নার্স, ৩টি।
কমপক্ষে এসএসসিসহ মেডিক্যাল কলেজ
হাসপাতালে পিউপিলস নার্সিংয়ে ন্যুনতম ২
বছরের কোর্স সম্পরকারী।
বেতনক্রম: ৯৭০০-২৩৪৯০ টাকা।

বিজ্ঞান/বণিজ্ঞা/ব্যবসায় প্রশাসনে স্লাতকোত্তর। পেশাদার কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য। সহযোগী প্রগ্রামার হিসেবে ৪ বছরের অভিজ্ঞতা।

বেতনক্রম : ৩৫৫০০-৬৭০১০ টাকা। পদ ও যোগ্যতা : সহকারী প্রগ্রামার, ২টি। দার্থ/ফলিত

পদার্থ/গণিত/পরিসংখ্যান/অর্থনীতি/সমাজ বিজ্ঞান/বণিজ্ঞা/ব্যবসায় প্রশাসনে স্নাতকোত্তর অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। পেশাদার কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য। কম্পিউটার অপটিটিউট টেস্টে উত্তীর্ণ। সহকারী মেনটেন্যান্স ইঞ্জিনিয়ার, ১টি। কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিকস ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। অভিজ্ঞদের অগ্রাধিকার। শারীরিক শিক্ষা অফিসার, ১টি। বিপিএডসহ স্নাতক। অভিজ্ঞদের অগ্রাধিকার।

বেতনক্রম: ২২০০০-৫৩০৬০ টাকা। পদ ও যোগ্যতা: উপসহকারী প্রকৌশলী কাম তত্ত্বাবধায়ক, ১টি। পুর কৌশলে ডিপ্লোমা।

বেতনক্রম: ১৬০০০-৩৮৬৮০ টাকা।
পদ ও যোগ্যতা: অফিস সহকারী কাম
কম্পিউটার মুদ্রাক্ষরিক, ১৭টি। এইচএসসি। প্রতি
মিনিটে মুদ্রাক্ষরে গতি ইংরেজিতে ২৮ শব্দ ও
বাংলায় ২০ শব্দ।

বাংলার ২০ শব। **বেতনক্রম** : ৯৩০০-২২৪৯০ টাকা।

ঢাকা-১২১১।

আবেদনের শেষ তারিখ : ১৭ মে। যোগাযোগ : রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ২, অরফানেজ রোড, বখশীবাজার, সূত্র: ইত্তেফাক, ১৬ এপ্রিল, পৃষ্ঠা-৪

#### সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

পদ ও যোগ্যতা : ডেপুটি জেনারেল ম্যানেজার, ইন্সপেকশন, ১টি, ওয়ার্কশপ, ১টি। ইলেকট্রিক্যাল ও ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিংয়ে স্নাতক। সংশ্লিষ্ট কাজে ১৫ বছরের অভিজ্ঞতা।

বয়সসীমা : ৫০ বছর। বেতনক্রম : গ্রেড ৫।

পদ ও যোগ্যতা : অ্যাসিসট্যান্ট ম্যানেজার, প্ল্যানিং/ট্রেনিং/বাজেট, ১টি, ইঙ্গপেকশন, ১টি। মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে স্লাতক। এমআরটি/রেলওয়ে সিস্টেমে অভিজ্ঞ।

বয়সসীমা : ৩৫ বছর। বেতনক্রম : গ্রেড ৯।

পদ ও যোগ্যতা : সেকশন ইঞ্জিনিয়ার, মেকানিক্যাল, ৬টি, ইলেকট্রিক্যাল, ৩টি। ন্যুনতম সিজিপিএ ৩.৫০ নিয়ে মেকানিক্যাল/ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং। ৬

মাসের কম্পিউটার নেটওয়ার্ক কোর্স। বয়সসীমা : ৩৫ বছর। বেতনক্রম : গ্রেড ১১।

বেতনক্রম: এড ১১।
আবেদনের শেষ তারিখ: ১৫ মে।
যোগাযোগ: ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা
ট্রান্সমিট কম্পানি লিমিটেড, প্রবাসী কল্যাণ
ভবন, লেভেল-১৪, ৭১-৭২ পুরাতন এলিফেন্ট
রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।

ওয়েব : www.dmtc.org.bd সূত্র : নিউএজ, ১৯ এপ্রিল, পৃষ্ঠা- ১১

#### চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

পদ: গবেষণা অধ্যাপক, আইসিটি, ১টি। বেতনক্রম: ৫৬৫০০-৭৪৪০০ টাকা।

পদ: গবেষণা সহযোগী অধ্যাপক, আইসিটি, ১টি। সহযোগী অধ্যাপক, সিএসই, ১টি।

বৈতনক্রম: ৫০০০০-৭১২০০ টাকা।

পদ : সহকারী অধ্যাপক, সিএসই, ৩টি। মেকাট্রনিক্স অ্যান্ড ইন্ডাস্ক্রিয়াল ইঞ্জিনিয়ারিং, ১টি।

বেতনক্রম : ৩৫৫০০-৬৭০১০ টাকা।

পদ: প্রভাষক, তড়িৎ ও ইলেক কৌশল বিভাগ, ৩টি। রসায়ন, ২টি। গবেষণা প্রভাষক, আইসিটি, ১টি। সহকারী প্রকৌশলী, পুর/যন্ত্র, ১টি। সহকারী নেউওয়ার্ক ইঞ্জিনিয়ার, ১টি।

বেতনক্রম : ২২০০০-৫৩০৬০ টাকা।

পদ: উপসহকারী প্রকৌশলী,

ইলেকট্রিক্যাল/পুর/যন্ত্র/সিএসই, ১টি। পিও টু রেজিস্টার, ১টি। সিকিউরিটি ইন্সপেক্টর, ১টি।

বেতনক্রম : ১৬০০০-৩৮৬৪০ টাকা।

পদ: মেডিক্যাল টেকনোলজিস্ট, ১টি। ফার্মাসিস্ট কাম স্টোর কিপার, ১টি। টেকনিশিয়ান, ১টি।

বেতনক্রম: ১১০০০-২৬৫৯০ টাকা। আবেদনের শেষ তারিখ: ৮ মে।

যোগাযোগ : রেজিস্ত্রার, চটগ্রাম বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চটগ্রাম।

সূত্র: কালের কণ্ঠ, ৯ এপ্রিল, পণ্ঠা-৭

🖒 তাহ্সীন উদ্দীন

### ওয়েবে চাকরি

#### মেঘনা ব্যাংক

পদ ও যোগ্যতা : ক্যাশ অফিসার। ২০টি। স্নাতক ডিগ্রি। স্নাতকোত্তরদের অগ্রাধিকার। কমপক্ষে তিন বছরের অভিজ্ঞতা।

কর্মস্থল : দেশের যেকোনো স্থান। বেতন : আলোচনা সাপেক্ষে।

আবেদনের নিয়ম: অনলাইনে বিডিজবসের মাধ্যমে

অথবা ইমেইলে সিভি পাঠাতে হবে

career@meghnabank.com.bd ঠিকানায়। আবেদনের শেষ তারিখ : ২৬ এপ্রিল। ওয়েব : www.meghnabank.com.bd

#### ■ রিজেন্ট এয়ারওয়েজ

পদ ও যোগ্যতা : ম্যানেজার/অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ইন্টারনাল অডিট)। চার্টার্ড অ্যাকাউন্ট্যান্সি পাস। কমপক্ষে ৪ থেকে ৫ বছরের অভিজ্ঞতা।

কর্মস্থল : ঢাকা।

বেতন: প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী।

আবেদনের নিয়ম : ই-মেইলে সিভি পাঠাতে হবে

jobs@flyregent.com ঠিকানায়। আবেদনের শেষ তারিখ : ১ মে। ওয়েব : www.flyregent.com

#### প্যান প্যাসিফিক সোনারগাঁও

পদ ও যোগ্যতা : পাবলিক রিলেশনস ম্যানেজার। ব্যবসায় স্নাতক। চার বছরের অভিজ্ঞতা। বয়স সর্বোচ্চ ৩৫ বছর।

কর্মস্থল : ঢাকা।

বেতন : প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী।

আবেদনের নিয়ম: সরাসরি আবেদনপত্র জমা দিতে হবে 'হিউম্যান ক্যাপিটাল অ্যান্ড ডেভেলপমেন্ট ডিপার্টমেন্ট, প্যান প্যাসিফিক সোনারগাঁও, ১০৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ, ঢাকা-১২১৫' ঠিকানায়। অথবা ই-মেইল করতে হবে careers.ppdac@panpacific.com ঠিকানায়।

আবেদনের শেষ তারিখ : ৩০ এপ্রিল বিকেল সাড়ে ৪টা। ওয়েব : www.panpacific.com

#### লা মেরিডিয়ান ঢাকা

পদ ও যোগ্যতা : সেলস ম্যানেজার, ক্যাটারিং। স্নাতক ডিগ্রি। ক্যাটারিংয়ে কমপক্ষে চার বছরের অভিজ্ঞতা। বয়স সর্বোচ্চ ৪০ বছর।

কর্মস্থল : ঢাকা।

বেতন : আলোচনা সাপেকে।

আবেদনের নিয়ম:

বিডিজবসের

আবেদনের শেষ

তারিখ : ৩০

মাধ্যমে।

এপ্রিল।

ওয়েব :

অনলাইনে

4

আরো চাকরির বিজ্ঞপ্তি আমাদের ফেসবুক পেজে

লাইক দিয়ে যুক্ত থাকুন

www.starwoodhotels.com/lemeridien

#### এসিআই

পদ ও যোগ্যতা : প্রডাক্ট এক্সিকিউটিভ। এমএসসি ইন অ্যাগ্রিকালচার বা বায়োলজিক্যাল সায়েন্স অথবা এমবিএ। মার্কেটিং ও ব্র্যান্ডিংয়ে ১ থেকে ২ বছরের অভিজ্ঞতাসম্পন্নদের অগ্রাধিকার।

কর্মস্থল : ঢাকা।

বেতন: প্রতিষ্ঠানের নিয়মানুযায়ী।

আবেদনের নিয়ম: অনলাইনে বিডিজবসের মাধ্যমে।

আবেদনের শেষ তারিখ: ৩০ এপ্রিল।

ওয়েব : www.aci-bd.com

#### বেস্ট ইলেকট্রনিকস

পদ ও যোগ্যতা : এক্সিকিউটিভ (অডিট)। ৪টি। বিবিএ, এমবিএ বা মাস্টার্স (ফিন্যান্স/অ্যাকাউন্টস মেজর)। এক থেকে তিন বছরের অভিজ্ঞতা।

পদ ও যোগ্যতা : সিনিয়র এক্সিকিউটিভ/অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ব্র্যান্ড অ্যান্ড কমিউনিকেশন)। ১টি। স্লাতক, বিবিএ, এমবিএ (মার্কেটিং মেজর)। কমপক্ষে তিন বছরের অভিজ্ঞতা।

পদ ও যোগ্যতা : ব্র্যান্ড সেলস এক্সিকিউটিভ। ৩০টি। বাণিজ্য/ব্যবসায় শিক্ষায় স্নাতক।

পদ ও যোগ্যতা : ম্যানেজার (ট্রাঙ্গপোর্ট)। ডিপ্লোমা ইন অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং। কমপক্ষে ছয় বছরের অভিজ্ঞতা।

পদ ও যোগ্যতা : ট্রান্সপোর্ট সুপারভাইজার। ১০টি। ডিপ্লোমা ইন অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং। কমপক্ষে পাঁচ বছরের অভিজ্ঞতা।

কর্মস্থল : দেশের যেকোনো স্থান। বেতন : আলোচনা সাপেক্ষে।

আবেদনের নিয়ম: অনলাইনে বিডিজবসের মাধ্যমে।
আবেদনের শেষ তারিখ: এক্সিকিউটিভ (অডিট),
সিনিয়র এক্সিকিউটিভ/অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (ব্র্যান্ড
অ্যান্ড কমিউনিকেশন) পদে ২৮ এপ্রিল; ব্র্যান্ড সেলস
এক্সিকিউটিভ পদে ৩০ এপ্রিল এবং ম্যানেজার
(ট্রান্সপোর্ট), ট্রান্সপোর্ট সুপারভাইজার পদে ১৯ মে।

ওয়েব : www.bestelectronicsltd.com

#### ■ উত্তরা মটরস

পদ ও যোগ্যতা : এক্সিকিউটিভ/সিনিয়র এক্সিকিউটিভ (মার্কেটিং অ্যান্ড সেলস)। ৫টি। মার্কেটিংয়ে মেজরসহ এমবিএ/ মাস্টার্স। কমপক্ষে দুই বছরের অভিজ্ঞতা। কর্মস্থল : বরিশাল, চট্টগ্রাম, খুলনা, রাজশাহী বিভাগ এবং কক্সবাজার ও নোয়াখালী।

বেতন : আলোচনা সাপেকে।

আবেদনের নিয়ম: অনলাইনে বিডিজবসের মাধ্যমে অথবা ইমেইল করতে হবে career@ugc-bd.net ঠিকানায়।

আবেদনের শেষ তারিখ: ১৯ মে।

> আহমদ শুভ

ফেসবুক পেজ: www.facebook.com/chakriache

ফেসবুক গ্রুপ : www.facebook.com/groups/chakriache


#### Android Application "Job Circular"

সবার আগে প্রতিদিনের বিভিন্ন পত্রিকা এবং অনলাইনে প্রকাশিত সরকারি-বেসরকারি সব ধরনের চাকরির খবর, সাপ্তাহিক চাকরির পত্রিকা, আবেদনের নিয়ম, আবেদন ফরম সহ নিয়োগ সংক্রান্ত সকল তথ্য নিয়ে এই আপস।

#### সংক্ষিপ্ত বৈশিষ্ট্য

- দৈনিক পত্রিকা এবং অনলাইনে প্রকাশিত প্রতিদিনের চাকরির বিজ্ঞপ্তি
- পরীক্ষা সময়সূচী এবং ফলাফল সহ পরীক্ষা সংক্রান্ত সকল নোটিশ
- 🖙 সাপ্তাহিক চার্করির পত্রিকা (HD Picture এবং PDF আকারে)
- আবেদনের ফরম এবং চালান/ব্যাংক ড্রাক্ট ফরম পূরণ ও আবেদনের নিয়ম
   অনলাইনে আবেদনের ঠিকানা
- Favorite (Bookmark) system: এর মাধ্যমে আপনি আপনার পছন্দের বিজ্ঞপ্তি, নোটিশ, চাকরির প্রস্তুতিসহায়ক বিভিন্ন বিষয় Save করে রাখতে পারবেন।
- কিয়োগ পরীক্ষার প্রস্তুতি সহায়ক সকল তথ্য
- বৈশিষ্ট্য 🕰

#### 🗠 নতুন এবং গুরুত্বপূর্ণ চাকরির খবর এর "Notification"





INSTALL

Contains ads









এর মাধ্যমে আপনি আপস ওপেন না করেই আপনার মোবাইলের Notification বার এ জানতে পারবেন গুরুত্বপূর্ণ চাকরির খবর এবং পরীক্ষার নোটিশ

- ্রক্র কমেন্ট সিস্টেম: প্রতিটি বিজ্ঞপ্তির নিচে কমেন্ট করার অপশন আছে, ওই বিজ্ঞপ্তি সম্পর্কে যদি আপনার কোন প্রশ্ন/জিজ্ঞাসা/সমস্যা/তথ্য জানার থাকে তাহলে আপনি কমেন্ট করলে আপনাকে আপনার প্রয়োজনীয় তথ্য দিয়ে সাহায্য করার চেষ্টা করব।
- ্র এছাড়াও মেনুবারে আলাদাভাবে কমেন্ট করার অপশন পাবেন, সেখানে আপনি নিয়োগ সংক্রান্ত যে কোন প্রশ্ন করতে পারবেন।
- 🚈 Job Age Calculator: চাকরির বয়স বের করার ক্যালকুলেটর। চাকরির আবেদনের ক্ষেত্রে অনেক সময় বয়স বের করতে হয়। এই Job Age Calculator এর মাধ্যমে আপনি আপনার কাঙ্ক্ষিত বয়স বের করতে পারবেন।
- \overline জব ক্যাটাগরি: বিজ্ঞপ্তিগুলো সহজে খুজে পাবার জন্য ক্যাটাগরি করা আছে। নিচে কিছু ক্যাটাগরি উল্লেখ করা হল।
- সরকারি চাকরি
- 🗅 ব্যাংক জব
- 🗅 এনজিও
- শিক্ষক নিয়োগ

- 🗅 মার্কেটিং / সেলস
- 🗅 রেলওয়ে জব
- ডিফেন্স এ চাকরি
- 🗅 ফ্রেশার / অনভিজ্ঞদের চাকরি
- 🗅 পার্ট টাইম জব
- 🗅 কল সেন্টার / কাস্টমার সার্ভিস
- সাপ্তাহিক চাকরির পত্রিকা
- ⊃ অন্যন্য বেসরকারি চাকরি

#### 🗠 প্রতিদিনের তথ্য

বিভিন্ন দৈনিক পত্রিকা থেকে গুরুত্বপূর্ণ সাধারণ জ্ঞানমূলক তথ্য এবং দৈনিক ইংরেজি পত্রিকার গুরুত্বপূর্ণ Article এর অনুবাদ ও Daily Star Vocabulary.

- 🚈 <mark>সাম্প্রতিক তথ্য:</mark> বিভিন্ন পত্রিকা ও অন্যান্য উৎস থেকে চলমান বাংলাদেশ এবং বিশ্বের সাম্প্রতিক তথ্য।
- 🗠 ক্যারিয়ার গাইড: চাকরির পরীক্ষা সহায়ক বিভিন্ন তথ্য এবং Article এবং পরামর্শ।
- 🗠 <mark>ডাউনলোড জোন:</mark> চাকরির প্রস্তুতির জন্য বিভিন্ন প্রকাশনীর বই এবং অনলাইনে প্রকাশিত সকল বিষয়ের তথ্যের PDF। প্রায় ১০০ GB+ প্রয়োজনীয় সকল বই নিয়ে এর ক্যাটাগরি।
- 🗠 **ইন্টারভিউ টিপস**: ইন্টারভিউ এর জন্য কিভাবে নিজেকে প্রস্তুত করবেন সেই সকল বিষয়ে অভিজ্ঞদের পরামর্শ।
- 🚈 <mark>ভাইভা অভিজ্ঞতা :</mark> চাকরির ভাইভাতে কিধরণের প্রশ্নের সম্মুখীন হতে হয় সেই সকল তথ্য নিয়ে এই ক্যাটাগরি। বিসিএস, ব্যাংক সহ অন্যান্য নিয়োগ ভাইভা অভিজ্ঞতা এখানে পাবেন।
- 🚈 প্রশ্ন ব্যাংক এবং NTRCA প্রশ্ন ব্যাংক: নিয়োগ পরীক্ষার বিগত সালের প্রশ্ন এবং সমাধান। এছাড়াও প্রতিনিয়ত যে সকল নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয় তার প্রশ্ন-সমাধান।
- া বিজেকে নিয়োগ পরীক্ষার উপযোগী করে গড়ে তোলার জন্য অনুশীলনের বিকল্প নেই। এই ক্যাটাগরিতে "ব্যাখ্যা সহ (বেশিরভাগ ক্ষেত্রে)" মডেল টেস্ট পাবেন। (With timer এবং Without timer আপনার পছন্দ মত মডেল টেস্ট দিতে পারবেন)
- 🖙 চাকরি বিষয়ক পরামর্শ সহ আরো অনেক কিছু...
  - 🕶 এই আপস এর বৈশিষ্ট্য গুলো যদি আপনার ভাল লাগে তাহলে আজই ডাউনলোড করুন।

**Download Link:** https://play.google.com/store/apps/details?id=com.careerguidebd.jobcircular